# কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায়: পরিচিতি, উৎস ও গুরুত্ব

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ৪. আকীদা বিষয়ক গ্রন্থাবলি

আমরা আগেই উল্লেখ করেছি যে, কুরআন কারীম এবং সহীহ হাদীসই ইসলামী বিশ্বাসের একমাত্র উৎস। ইসলামী বিশ্বাসের সকল মূল বিষয়ই কুরআন কারীমে উল্লেখ করা হয়েছে। এ ছাড়া রাসূলুল্লাহ (ﷺ)-এর হাদীসেও তা ব্যাখ্যাত হয়েছে। ইফতিরাক বা আকীদাগত বিভক্তি ও দলাদলির কারণে মুসলিম উম্মাহর মূল ধারা বা আহলুস সুন্নাত ওয়াল জামা‘আতের ইমামগণ কুরআন ও সুন্নাহর আলোকে ঈমানের বিশুদ্ধ মূলনীতি বা ইসলামী আকীদা ব্যাখ্যা করে পুস্তক লিখতে শুরু করেন। কুরআন-সুন্নাহর ভিত্তিতে এবং সাহাবীগণের মতামত ও ব্যাখ্যার আলোকে ইসলামী বিশ্বাসের বিভিন্ন দিক ব্যাখ্যা করে হিজরী দ্বিতীয় শতাব্দী থেকে মুসলিম উম্মাহর ইমামগণ প্রচুর বই-পুস্তক রচনা করেছেন। নিম্নে প্রসিদ্ধ কিছু গ্রন্থের নাম উল্লেখ করছি। লেখকের মৃত্যু তারিখের ভিত্তিতে ঐতিহাসিক ক্রম অনুসারে বইগুলি উল্লেখ করছি, যেন পাঠক এগুলির প্রাচীনত্ব ও মৌলিকত্বের পর্যায় বুঝতে পারেন।

- আল-ফিকহুল আকবার, ইমাম আবূ হানীফাহ (১৫০ হি)।
- আস-সুন্নাহ, ইমাম আহমদ ইবনু হাম্বাল (২৪১ হি)।
- আল-ঈমান, মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া আল-আদ্নী (২৪৩ হি)
- আস-সুন্নাহ, আবূ বাকর আহমদ ইবনু মুহাম্মাদ আল-আসরাম (২৭৩হি),
- আস-সুন্নাহ, হাম্বাল ইবনু ইসহাক ইবনু হাম্বাল আশ-শাইবানী (২৭৩হি)
- আস-সুন্নাহ, আবূ দাউদ সুলাইমান ইবনুল আস‘আস (২৭৫ হি)
- আস-সুন্নাহ, আবূ বাকর আহমদ ইবনু আমর ইবনু আবী আসিম আদ-দাহ্হাক (২৮৭ হি)
- আস-সুন্নাহ, আব্দুল্লাহ ইবনু আহমাদ ইবনু হাম্বাল (২৯০ হি)
- আস-সুন্নাহ, মুহাম্মাদ ইবনু নাসর আল-মারওয়াযী (২৯৪ হি)
- সারীহুস সুন্নাহ, আবূ জা’ফার মুহাম্মাদ ইবনু জারীর তাবারী (৩১০ হি)
- আস-সুন্নাহ আবূ বাক্র আহমদ ইবনু মুহাম্মাদ আল-খাল্লাল (৩১১ হি)
- আস-সুন্নাহ, আবূ বাক্র খাল্লাল আহমদ ইবনু মুহাম্মাদ (৩১১ হি)।
- আকীদাতু আহলিস সুন্নাহ, আবূ জাফার তাহাবী (৩২১ হি)।
- আল-ইবানাতু আন উসূলিদ দিয়ানাহ, আল-আশ‘আরী (৩২৪ হি)।
- আস-সুন্নাহ, আল-আস্সাল (৩৪৯ হি)।
- আস-সুন্নাহ, সুলাইমান ইবনু আহমদ তাবারানী (৩৬০হি)
- আশ-শরী‘আহ, মুহাম্মাদ ইবনুল হুসাইল আল-আজুর্রী (৩৬০ হি)

- আস-সুন্নাহ, আবূশ শাইখ আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনু হাইয়ান আল-আসপাহানী (৩৬৯ হি)
- আস-সুন্নাহ, ইবনু শাহীন আবূ হাফস উমার ইবনু আহমাদ ইবনু উসমান আল-বাগদাদী (৩৮৫হি)
- আর-রিসালাহ আল-কাইরোয়ানিয়্যাহ, আবূ মুহাম্মাদ আব্দুল্লাহ ইবনু আবী যাইদ আল-কাইরোয়া মালিক-আস-সাগীর (৩৮৬হি)
- আস-সুন্নাহ, ইমাম আবূ আব্দুল্লাহ মুহাম্মাদ ইবনু ইসহাক ইবনু মান্দাহ আল-ইসপাহানী (৩৯৫ হি)
- 'আল-ঈমান', ইবনু মানদাহ মুহাম্মাদ ইবনু ইসহাক (৩৯৫ হি)
- ই'তিকাদ আহলিস সুন্নাতি ওয়াল জামা'আহ, আবুল কাসিম লালকাঈ হিবাতুল্লাহ ইবনুল হাসান (৪১৮ হি)।
- আকীদাতুস সালাফি আহলিল হাদীস, ইসমাঈল ইবনু আব্দুর রাহমান আস-সাবূনী (৪৪৯ হি),
- আদ-দুর্রাতু ফীমা ইয়াজিবু ই'তিকাদুহু, আবূ মুহাম্মাদ আলী ইবনু আহমদ ইবনু সাঈদ ইব্নু হাযম আয-যাহিরী (৪৫৬ হি)।
- আল-ই'তিকাদ, আহমদ ইবনু হুসাইন আল-বাইহাকী (৪৫৮ হি)।
- আল-ইকতিসাদ ফিল ই'তিকাদ, আবূ হামিদ মুহাম্মাদ ইবনু মুহাম্মাদ আল-গাযালী (৫০৫ হি)
- 'আল-আকাইদ আন-নাসাফিয়্যাহ', উমর ইবনু মুহাম্মাদ আন-নাসাফী (৫৩৭হি.)
- 'শারহুল আকাইদ আন নাসাফিয়্যাহ', সা'দ উদ্দীন তাফতাযানী (৭৯১হি.)
- 'শারহুল আকীদাহ আত তাহাবীয়্যাহ', মুহাম্মাদ ইবনু আলাউদ্দীন ইবনু আবীল ইজ্জ হানাফী (৭৯২হি.)
- কিতাবুত তাওহীদ, আব্দুর রাহমান ইবনু আহমদ ইবনু রাজাব হাম্বালী (৭৯৫ হি)
- 'শারহুল ফিকহিল আকবার', মোল্লা আলী কারী হানাফী (১০১৪ হি)

আকীদার বিষয়ে যুগে যুগে আলিমগণ আরো অগণিত গ্রন্থ রচনা করেছেন। এ ছাড়া বিভ্রান্ত দল-উপদলের বিভিন্ন বিভ্রান্তিকর মতবাদের প্রতিবাদের সুন্নাত-সম্মত সহীহ মতামত ব্যাখ্যা করেও ইমামগণ অগণিত বই-পুস্তক রচনা করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13601

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন